রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ / ১১ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২০.৫৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)’ নিম্নরূপে পুনর্গঠন করেছে:

(ক) **কমিটির গঠন :**

| ক্রমিক | নাম ও পদবি | দায়িত্ব |
|---|---|---|
| (১) | শেখ হাসিনা<br>প্রধানমন্ত্রী | চেয়ারপারসন |
| (২) | জনাব আহম মুস্তফা কামাল<br>মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | বিকল্প চেয়ারপারসন |
| (৩) | জনাব ওবায়দুল কাদের<br>মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | জনাব মোঃ আব্দুর রাজ্জাক<br>মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | জনাব মোহাম্মদ হাছান মাহ্‌মুদ<br>মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | সদস্য |

| ক্রমিক | নাম ও পদবি | দায়িত্ব |
|---|---|---|
| (৬) | জনাব মোঃ তাজুল ইসলাম<br>মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | ডাঃ দীপু মনি<br>মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | জনাব এম এ মান্নান<br>মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | জনাব জাহিদ মালেক<br>মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (১১) | জনাব টিপু মুনশি<br>মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | জনাব শ. ম. রেজাউল করিম<br>মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (১৩) | জনাব মোঃ শাহাব উদ্দিন<br>মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (১৪) | জনাব সাইফুজ্জামান চৌধুরী<br>মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (১৫) | ড. শামসুল আলম<br>প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| (১৬) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, অর্থ বিভাগ

(৪) সচিব, পরিকল্পনা বিভাগ

(৫) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৬) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

(৭) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৮-১৩) পরিকল্পনা কমিশনের সদস্যগণ

(১৪) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবে।

(গ) **কমিটির কার্যপরিধি :**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) বিবেচনা ও অনুমোদন;

(২) সরকারি খাতে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে মোট বিনিয়োগ ব্যয় সংবলিত প্রকল্পসমূহে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন;

(৩) উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) বেসরকারি উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণমূলক বিনিয়োগ কোম্পানিসমূহের প্রস্তাব বিবেচনা;

(৫) দেশের অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ এবং সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও এর সঙ্গে সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা; এবং

(৬) বৈদেশিক সহায়তার বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) এতৎসংক্রান্ত বিষয়ে পূর্বেকার মন্ত্রিসভা কমিটি বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd